

ঢাকা ওয়াসা

বিষয়ঃ “Inventory Management Software”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

০১। বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “Inventory Management Software” এর মাধ্যমে কেন্দ্রীয় ভান্ডার এবং ৩৫টি সাব-স্টোরে ঢাকা ওয়াসার যাবতীয় স্থায়ী সম্পদের হিসাব এবং মালামাল গ্রহণ, মজুদ এবং বিতরণ করা হয়। সফটওয়্যারটি সঠিকভাবে ব্যবহার না জানার কারণে ব্যবহারকারীগণ স্ব স্ব দপ্তরের মালামালের তথ্য যথাযথভাবে ইনপুট দিতে পারেন না। এতে প্রায়শই মালামালের বাস্তব মজুদের সাথে সফটওয়্যারের তথ্যের গড়মিল পরিলক্ষিত হয়। ফলে ব্যবহারকারীদের উক্ত সফটওয়্যার দক্ষতার সাথে ব্যবহারের জন্য সম্যক ধারণা থাকা আবশ্যিক।

০২। ঢাকা ওয়াসার বিভিন্ন দপ্তরে “Inventory Management Software” ব্যবহারকারীদের এই সফটওয়্যার সম্পর্কে প্রশিক্ষণ প্রদানের চাহিদার তালিকা পাওয়া গিয়েছে। বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত তালিকার ভিত্তিতে ০২ (দুই) ব্যাচে বর্ণিত প্রশিক্ষণ প্রদানের জন্য প্রতি ব্যাচে ২১ (একুশ) জন হিসেবে সর্বমোট ৪২ (বিয়াল্লিশ) জন প্রশিক্ষণার্থীর তালিকা প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি-২৫)। প্রস্তুতকৃত তালিকায় উল্লিখিত কোন প্রশিক্ষণার্থী যৌক্তিক কারণে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অপারগ হলে সমপর্যায়ের অন্য কোন প্রশিক্ষণার্থীকে আমন্ত্রণ জানানো হবে। প্রশিক্ষণার্থীগণ যাতে উক্ত সফটওয়্যার ব্যবহার করে মালামালের তথ্য সফটওয়্যারে সঠিকভাবে ও পূর্ণাঙ্গরূপে ইনপুট দিতে পারেন সেলক্ষ্যে এমআইএস ও বিলিং বিভাগের প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার এর সাথে আলোচনাক্রমে প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি-২৬)। প্রশিক্ষণটি ০২ (দুই) কর্মদিবসব্যাপী দুই ব্যাচে যথাক্রমে আগামী ০২-০৩ মার্চ ২০২৬ ও ০৪-০৫ মার্চ ২০২৬ মেয়াদে অথবা সুবিধাজনক সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে।

০৩। ০২ (দুই) দিন মেয়াদী ৪২ (বিয়াল্লিশ) জনের জন্য উক্ত ০২ (দুই) ব্যাচ প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৪৩,২০০/-	(১ সেশন ৩৬০০/- হারে + ৬ সেশন ৩,০০০/- টাকা হারে) x ২ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৬০,০০০/-	২ ব্যাচের ২৪ জন ৮০০/- হারে ২ দিন+ ১৮ জন ৬০০/- হারে ২ দিন
(গ) কোর্স পরিচালকের সম্মানী	৮,০০০/-	(২,০০০/- টাকা হারে ২ দিন) x ২ ব্যাচ
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৬,০০০/-	(১,৫০০/- টাকা হারে ২ দিন) x ২ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	১২,০০০/-	(৩ জন ১,০০০/- টাকা হারে ২ দিন) x ২ ব্যাচ
(চ) খাবার ভাতা (সরকার নির্ধারিত হারে রমজান মাসের জন্য)	৫২,০০০/-	(সাপোর্টিং স্টাফসহ ২৬ জন ৫০০/- টাকা হারে x ২ দিন) x ২ ব্যাচ
(ছ) ব্যাগ, নোটবুক ও কলম	৪৬,২০০/-	দুই ব্যাচের ৪২ সেট ১,১০০/- টাকা হারে)
(জ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	৮,০০০/-	দুই ব্যাচের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=২,৩৫,৪০০/-	(কথায়ঃ টাকা দুই লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশত মাত্র)

০৩। এমতাবস্থায়, ০২ (দুই) ব্যাচে “Inventory Management Software”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রতি ব্যাচে ২১ (একুশ) জন হিসেবে সর্বমোট ৪২ (বিয়াল্লিশ) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, কোর্স প্রোগ্রাম, কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট টাকা =২,৩৫,৪০০/- (দুই লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশত মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হল।

২২/২/২৬

২২/২/২৬
প্রকৌশলী মোঃ আমিরুল ইসলাম
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (প্রকৌশল)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

২২/২/২৬
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

২২/২/২৬
DMD(HR & Admin) Sr's

২২/২/২৬
উপ-ব্যবস্থাপনা পরিচালক
মানবসম্পদ ও প্রশাসন

২২/২/২৬
প্রকৌশলী মোঃ আমিরুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

২২/২/২৬
মোঃ আমিরুল ইসলাম
(যোগাযোগ)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

২৬/২/২৬
২২/২/২৬
২২/২/২৬
২২/২/২৬